

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

প্রজ্ঞাপন

(শুষ্ক)

তারিখঃ ৮ই আষাঢ়, ১৩৯৪ বাংলা। ২৩শে জুন, ১৯৮৭ ইংরেজী।

নং এস আর ও ১৩২-আইন/৮৭/১০৭৫/শুষ্ক-জাতীয় রাজস্ব বোর্ড Customs Act, 1969 (IV of 1969) এর

(ক) Section 9(a) -তে প্রদত্ত ক্ষমতাবলে চট্টগ্রাম ও খুলনা বন্দরের মাধ্যমে কনটেইনারে বাহিত আমদানী ও রপ্তানী পণ্য বোঝাই ও খালাসের জন্য ঢাকার কমলাপুর রেলওয়ে স্টেশন এলাকায় অবস্থিত ঢাকা ইনল্যান্ড কনটেইনার ডিপোকে কাস্টমস পোর্ট ঘোষণা করিলেন, এবং

*“(খ) Section 10 এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপে উক্ত কাস্টমস স্টেশনের সীমানা নির্ধারণ করিল, যথাঃ-

(অ) উত্তরে কমলাপুর রেলওয়ে প্রশাসন ভবন, দক্ষিণে রেলওয়ে স্টাফ কোয়ার্টার, পূর্বে ঢাকা-নারায়নগঞ্জ রেললাইন এবং পশ্চিমে সাহারা বাটন ইন্ডাস্ট্রি ও দক্ষিণ কমলাপুর রোড;

(আ) উত্তরে জি আর পি ব্যারাক, দক্ষিণে মুদগা-কমলাপুর সংযোগ সড়ক (ডাইভারশন রোড), পূর্বে সাইদাবাদ-মালিবাগ রোড (বিশ্বরোড) এবং পশ্চিমে কমলাপুর স্টেশন ও ঢাকা-নারায়নগঞ্জ রেললাইন;

(ই) উল্লিখিত সীমানার অন্তর্ভুক্ত কাস্টমস স্টেশন পৃথক পৃথকভাবে সুরক্ষা প্রাচীর দ্বারা পরিবেষ্টিত।”

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত-

(মুহম্মদ মোবারক আলী মোল্লা)

প্রথম সচিব (শুষ্ক)।

* এসআরও ২১০-আইন/৯৮/১৭৯৭/শুষ্ক। তারিখ ৩০শে সেপ্টেম্বর ১৯৯৮।